পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের ত্রিবাষিক সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন শেষে রফিকুল ইসলামকে সভাপতি ও শফিকুল ইসলামকে সাধারণ সম্পাদক করে পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের কমিটি ঘোষণা করা হয়েছে।

মঙ্গলবার (২৯ নভেম্বর) বিকালে পিরোজপুর ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সহসভাপতি আসাদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত ত্রিবার্ষিক কাউন্সিলে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, সাধারণ সম্পাদক বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম, ও অবসরপ্রাপ্ত শিক্ষক আশরাফুল হক।

সম্মেলনে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন স্থানীয় আওয়ামীলীগ নেতা মুক্তিযোদ্ধা ইদ্রিস আলী, মেহেরপুর জেলা পরিষদের সাবেক সদস্য রফিকুল ইসলাম, শফিকুল ইসলাম প্রমুখ।

মেহেরপুরে ভোক্তা অধিকারের অভিযানে ২৩ হাজার টাকা জরিমানা

লাইসেন্স ছাড়াই প্যাকেটে বিএসটিআইয়ের লোগো ব্যবহার, কর্মচারীদের স্বাস্থ্যবিধি না মানা, কারখানার মধ্যে টয়লেট, হাত পরিস্কারের সাবান, হ্যান্ডওয়াস না থাকাসহ বিভিন্ন অভিযোগে

মেহেরপুর শহরের দীঘিরপাড়া এলাকার ২ প্রতিষ্ঠানের মালিককে ২৩ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের পরিচালনায় অভিযান।

মঙ্গলবার দুপুরের দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহমেদ এই ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করেন।

অভিযানকালে মেসার্স সোনালি চানাচুর কারখানায় নিয়ম বহির্ভূতভাবে লাইসেন্স ছাড়াই প্যাকেটে বিএসটিআইয়ের লোগো ব্যবহার করা, কর্মচারীদের স্বাস্থ্যবিধি ও স্বাস্থ্য পরীক্ষার সনদ না থাকা, কারখানার মধ্যে টয়লেট স্থাপন, হাত পরিস্কারের সাবান-হ্যান্ডওয়াস না থাকা ও যথাযথ স্বাস্থ্যবিধি না মেনে চানাচুর প্যাকেটজাত করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মোঃ ইয়ারুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪৩ ও ৪৪ ধারায় ২০ হাজার টাকা, এবং একই এলাকার মেসার্স হেলাল স্টোরকে মেয়াদ মুল্য বিহীন পণ্য ও অবৈধ বিদেশি পণ্য বিক্রয়ের অপরাধে ৩৭ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানে উপস্থিত ছিলেন সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তারিকুল ইসলাম ও মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম।

গাংনীতে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার

নারী ও শিশু নির্যাতন, চুরি, মারামারি ও বিশেষ ক্ষমতা আইনে দায়ের করা মামলায় ৬ আসামি গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

এরা হলেন, বাড়ি ঘর ভাঙচুর ও মারামারি অভিযোগে দায়ের করা মামলা নং ৩১, তারিখ ২৮/১১/২০২২ এর অভিযুক্ত আসামি গাংনী উপাজেলার হাড়াভাঙ্গা গ্রামের সোলাইমান হোসেনের ছেলে সেলিম রেজা, আব্দুল হালিম, আব্দুল্লাহ আল হাসিব সরব, এই উপজেলার নারী ও শিশু নির্যাতন দমণ আইন মামলা নং ৩০, তারিখ ২৭/১১/২০২২ এর আসামি

ঝোড়পাড়া গ্রামের সাহাবুল ইসলামের ছেলে মুসফিকুর রহমান টোকন, গাংনী থানার চুরির মামলা নং ১৫. তারিখ ১১/১১/২২ ইং এর আসামি গাংনী মহিলা কলেজপাড়া এলাকার আবুল কালামের ছেলে শান্ত, এছাড়া বিশেষ ক্ষমতা আইনে দায়ের করা মমলায় গাংনী পৌর সভার সাবেক কাউন্সিলর ও যুবদলের গাংনী উপজেলা শাখার আহবায়ক সাইদুল ইসলামকে গ্রেফতার করেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ মঙ্গলবার (২৯ নভেম্বর) ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গ্রেফতারকৃত আসামিদের মঙ্গলবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে চুরি করতে গিয়ে তিন নারী আটক, পুলিশে সোপর্দ

গাংনী নিক্সন মার্কেটে চুরি করার সময় তিন নারী পকেট মারকে হাতে নাতে আটক করে পুলিশের দিয়েছেন স্থানীয় ব্যবসায়ীরা।

এরা হলেন, কুষ্টিয়া জেলার খোকসা উপজেলার মানিক গ্রামের মৃতু হিরু প্রামাণিকের মেয়ে স্বামী পরিত্যক্ত নাসিমা খাতুন (৪৫), মাগুরার মোহাম্মদপুর থানার চর পাকুড়িয়া গ্রামের মাহাবুব শেখের স্ত্রী পলি বেগম (৩৮) ও মাগুরা সদর উপজেলার হাজরাপুর বারোমাইল গ্রামের সহিকুল ইসলামের স্ত্রী আছিয়া বেগম (৪০)।

আজ মঙ্গলবার (২৯ নভেম্বর) দুপুরের দিকে গাংনী উপজেলা শহরের পুরাতন কাপড়ের (নিক্সন মার্কেট) বাজারে জনৈক নারীর ভ্যানিটি

ব্যাগের মধ্যে থেকে ২ হাজার টাকা চুরি করার সময় হাতে নাতে ধরা পড়ে। পরে তাকে গাংনী থানা পুলিশে সোপর্দ করা হয়।
তবে, পলি ও নাসিমা খাতুন বলেন, আমাদের স্বামীর অসুস্থ। তাই, আমরা কুষ্টিয়াতে বাসা ভাড়া নিয়ে এক সাথে থাকি। বিভিন্ন এলাকায় হাত পেতে টাকা চেয়ে নিই। আমরা চুরি করিনা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, বেশ কিছুদিন থেকে গাংনী হাসপাতালের জরুরী বিভাগে ও পুরাতন কাপড়ের বাজারে নারীদের ভ্যানিটি ব্যাগ থেকে টাকা চুরির ঘটনা ঘটে। পুলিশও তাদের সনাক্ত করার চেষ্টা করছিল।
এঘটনায় কয়েকজন ভুক্তভুগী নারী তাদের বিরুদ্ধে মামলা দিয়েছে। আগামিকাল আটক তিন নারীকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

গাংনীতে ককটেল বিষ্ফোরণ, উত্তেজনা ; যুবদল নেতা আটক

মেহেরপুর গাংনী শহরে ককটেল বিষ্ফোরণ এবং অবিষ্ফোরিত তিনটি ককটেল উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় বিএনপি নেতাকর্মীদের দায়ী করে তাদের গ্রেফতারের দাবিতে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রলীগ। তবে বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আনা হচ্ছে বলে জানিয়েছেন বিএনপি নেতৃবৃন্দ। সোমবার রাত সাড়ে আটটার দিকে এ ঘটনা ঘটে। এ ঘটনার পরপরই সাবেক কাউন্সিলর ও উপজেলা যুবদলের আহবায়ক সাইদুর রহমানকে আটক করেছে পুলিশ।
গাংনী থানা ভারপ্রাপ্ত কমকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গাংনী উত্তরপাড়ায় অবস্থিত সরকারি পরিত্যক্ত একটি মাছের হ্যাচারির পাশে বিষ্ফোরণের খবর পেয়ে পুলিশ সেখানে যায়। এসময় একটি ব্যাগ থেকে ৩টি ককটেল উদ্ধার করা হয়। ককটেল বিষ্ফোরণের বিকট শব্দ পাওয়া গেলেও ঘটনাস্থলে বিষ্ফোরণের কোন আলামত পাওয়া যায়নি। এদিকে ছাত্রলীগের পক্ষ থেকে এ ঘটনায় বিএনপি নেতাকর্মীদের দায়ী করে শহরের বিক্ষোভ মিছিল করা হয়েছে। বিক্ষোভ মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে উত্তরপাড়ায় সাবেক ছাত্রলীগ নেতা

সাহিদুজ্জামান সিপুর ব্যক্তিগত কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। সেখানে বক্তব্য রাখেন ছাত্রলীগ নেতৃবৃন্দ।
সাবেক ছাত্রনেতা সাহিদুজ্জামান সিপু বিএনপির দিকে অভিযোগ তুলে বলেন, আওয়ামী লীগের জাতীয় কাউন্সিল উপলক্ষে ছাত্রলীগের নেতাকর্মীরা রাতে গাংনী শহরে একটি মিছিল বের করে। বাস স্ট্যান্ড এলাকায় মিছিলটি পৌঁছুলে বিএনপি নেতাকর্মীরা তাদের উপর হামলা করে। ছাত্রলীগের নেতাকর্মীরা হামলা প্রতিরোধ করলে তাদের লক্ষ্য করে দুটি ককটেল নিক্ষেপ করা হয়। ককটেল দুটি বিকট শব্দে বিষ্ফোরিত হয়। হামলাকারী বিএনপি নেতাকর্মীদের দ্রুত গ্রেফতার করে আইনের আওতায় আনার দাবি করেন তিনি।

বিক্ষোভ মিছিলে আরও উপস্থিত ছিলেন উপজেলা ছাত্রলীগ সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, সাবেক ছাত্রলীগ নেতা জুবায়ের হোসেন উজ্জল, শ্রমিক লীগ নেতা মনিরুজ্জামানসহ নেতৃবৃন্দ।

এদিকে ছাত্রলীগের অভিযোগ মিথ্যা দাবি করে গাংনী উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু বলেন, বিএনপি নেতা এডাম ও জামাল বাজার থেকে বাড়ি যাওয়ার সময় ছাত্রলীগের নেতাকর্মীদের কয়েকজন তাদের ধাওয়া করে। তারা পালিয়ে যায়। অথচ উল্টো বিএনপি নেতাকর্মীদের নামে মিথ্যা অভিযোগ করা হচ্ছে। এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান তিনি।

এদিকে বিষ্ফোরণের স্থান পরিদর্শন করেছেন গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও র্যাব-১২ গাংনী ক্যাম্পের একটি টিম।

এ বিষয়ে গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, অবিষ্ফোরিত তিনটি বোমা প্রাথমিকভাবে নিষ্ক্রিয় করে থানা হেফাজতে নেওয়া হয়েছে। ককটেল রাখা ও বিষ্ফোরণের সাথে কারা জড়িত তা তদন্ত সাপেক্ষে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ডিবি ও গাংনী থানার ওসি,র পুরুস্কার লাভ

আদালতের পরোয়ানাভূক্ত আসামি গ্রেফতার, মাদক উদ্ধার ও নিয়মিত মামলার আসামি গ্রেফতারে সাফল্য’র জন্য অক্টোবার মাসের সেরা ও ৮ম বারের মত জেলার চৌকস ওসি নির্বাচিত হয়েছেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও জেলা গোয়েন্দ পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম, চৌকস অফিসার নির্বাচিত হয়েছেন গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদুর রহমান, এস আই আব্দুর রাজ্জাক, এসআই আশিক, সদর থানার এএসআই শাকিল খান।

সোমবার (২৮ নভেম্বর) বেলা ১১ টার দিকে মেহেরপুর পুলিশ লাইন ড্রিল সেটে পুলিশের কল্যান সভায় আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি সরুপ নগদ টাকা ও ক্রেষ্ট প্রদান করা হয়।

মেহেরপুর জেলা পুলিশ সুপার (এসপি) মো: রাফিউল আলম আনুষ্ঠানিক ভাবে পুরস্কার ও নগদ অর্থ তুলে দেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার সার্কেল অপু সরোয়ার,সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলসহ পুলিশের উর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

আমঝুপিতে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের মতবিনিময় সভা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) হলরুমে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের উদ্যোগে এক মতবিনিময় সভা সংস্থার কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো মাহফুজুল হোসেন। শিক্ষা ও বাজেটের উপর প্রবন্ধ উপস্থাপন করেন মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো আনোয়ার হোসেন।

স্বাগত বক্তব্য রাখেন মউকএর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম। এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্যে রাখেন ইউপি সদস্য হাফিজুর রহমান, ইউপিএম শিরিন আকতার ইমাম ওজিউর রহমান প্রমুখ।

মেহেরপুর জেলার বিভিন্ন পেশার ৫০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। মতবিনিময় সভা পরিচালনা করেন মানব উন্নয়ন কেন্দ্র মউকের ডিপিএম সাদ আহাম্মদ।

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ডিডির পক্ষপাতমূলক আচরণ

কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সার ডিলারদের মধ্যে বরাদ্দ নিয়ে অনিয়মের অভিযোগ উঠেছে মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক শংকর কুমার মজুমদারের বিরুদ্ধে।

বরাদ্দটি বিসিআইআইসি ও বিএডিসির বীজ ও সার ডিলরাদের মধ্যে বন্টন করার নির্দেশ থাকলেও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মেহেরপুর জেলার উপ-পরিচালক (ডিডি) শংকর কুমার মজুমদার অনিয়মের আশ্রয় নিয়ে শুধুমাত্র বিসিআইসি সার ডিলারদের মধ্যে বরাদ্দ দেন। এতে ক্ষোভ বিরাজ করছে বিএডিসির বীজ ও সার ডিলারদের মাঝে।

এতে জেলার জন্য বরাদ্দ সার একটি সিন্ডিকেটের কাছে কুক্ষিগত হবে, যা সব এলাকার কৃষকরা ঠিকমত সারও পাবেনা, এমন অভিযোগ বিএডিসি’র

সার ও বীজ ডিলারদের।

এনিয়ে গতকাল রবিবার সকালের দিকে বিএডিসি সার ডিলাররা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ডিডি’র কাছে আসলে বরাদ্দের বিষয়ে ভুল স্বীকার করে পূনরায় সমবন্টনের আশ্বাস দেন তিনি।

জানা গেছে, চলতি ২০২২-২৩ অর্থ বছরের বিএডিসির আমদানীকৃত ভর্তুকির আওতাভূক্ত নভেম্বর/২২ মাসে জেলার জন্য অতিরিক্ত উপ বরাদ্দের ১০০০ মেট্রিক টন ডিএপি ও ১০০০ মেট্রিক টন এমওপি সার বরাদ্দ দেয় কৃষি মন্ত্রণালয়ের সার অধিশাখা।

এই উপ বরাদ্দকৃত সার বিসিআইসি সার ডিলার ও বিএডিসি বিজ ডিলার যারা সার ডিলার হিসেবে নিবন্ধিত তাদের অনুকুলে বরাদ্দ দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। কিন্তু সেই নির্দেশ না মেনে উপ-পরিচালক গোপনে শুধুমাত্র বিসিআইসির ৩১ জন ডিলারদের বরাদ্দ দেন।

বরাদ্দকৃত এই সার ভর্তুকির নীতিমালা অনুসারে ডিলারের প্রতিটন ক্রয় মূল্য যথাক্রমে টিএসপি ২০ হাজার টাকা, এমওপি ১৩ হাজার টাকা ও ডিএপি ১৪ হাজার টাকা মুল্য নির্ধারণ করা হয়েছে। ডিলার পর্যায়ে সব্বোর্চ্ছ খুচরা বিক্রয়মুল্য প্রতি কেজি টিএসপি ২২ টাকা, এমওপি ১৫ টাকা ও ডিএপি ১৬ টাকা নির্ধারণ করে দেওয়া হয়েছে।

গাংনীর বিএডিসির বীজ ও সার ডিলার তৌাহিদ মূর্শেদ অতুল ও তরিকুল ইসলাম বলেন, আমরা প্রতি বছর সার বরাদ্দ নিয়ে সরকারের নিয়মনীতি মেনে বাজারজাত আসছি। অথচ, চলতি বছরের নভেম্বর মাসের চাহিদার অতিরিক্ত বরাদ্দের সার মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিএডিসির ডিলারদের বঞ্চিত করে শুধুমাত্র বিসিআইসি সার ডিলারদের বরাদ্দ দেন। পরে বিষয়টি নিয়ে আমরা রবিবার সকালের দিকে জেলা কৃষি অফিসের উপপরিচালকের সাথে দেখা করার পর সেটার সংশোধন করে আমাদেরও বরাদ্দ দেবেন বলে আশ্বাস দিয়েছেন।

নাম প্রকাশ না করার শর্তে বিএডিসির কয়েকজন বীজ ও সার ডিলার অভিযোগ করেন, বিসিআইসির সার ডিলারদের দাবীর প্রেক্ষিতে জেলা কৃষি উপ-পরিচালক জেলায় সিন্ডিকেটের মাধ্যমে কৃত্তিম সার সংকট তৈরীর উদ্দ্যেশেই আমাদের বাদ দিয়ে শুধুমাত্র বিসিআইসি সার ডিলারদের বরাদ্দ দেন। এখানে মোটা অংকের অর্থনৈতিক লেনদেন হয়েছে বলে আমরা জানতে পেরেছি।

আমরা আনুষ্ঠানিকভাবে এর প্রতিবাদ জানানোর পর সেটার সমাধান করবেন

বলে উপ-পরিচালক আশ্বাস দিয়েছেন। সার ডিলার মিজানুর রহমান, শাহিন হোসেন বলেন, এই সার সব ডিলারকে বরাদ্দ দিলে এলাকার সব ধরনের কৃষকরাই পাবেন। জেলার মাত্র ৩১ জনকে বরাদ্দ দিলে জেলার সব এলাকায় এই সার পৌছাতো না।

মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক (ডিডি) শংকর কুমার মজুমদার বলেন, শুধুমাত্র বিসিআইসি সার ডিলারদের মধ্যে অতিরিক্ত চাহিদার সার বরাদ্দ ভুল হয়েছিল। এটা করেছিল উপজেলা কৃষি অফিসারবৃন্দ। আমার কাছে আসার পর এটির সমাধান করা হয়েছে। শুধুমাত্র বিসিআইসি সার ডিলাররা নয়, বিএডিসি বীজ ও সার ডিলারদেও বরাদ্দ দেওয়া হয়েছে।

গাংনীতে অগ্রনী ব্যাংকের এজেন্ট শাখার উদ্বোধন

গাংনী উপজেলার ধানখোলা বাজারে অগ্রনী ব্যাংকের “অগ্রনী এজেন্ট ব্যাংকিং” শাখার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। সোমবার (২৮ নভেম্বর) বেলা ১১টার দিকে ধানখোলা বাজারে ব্যাংকিং শাখার কার্যালয় উদ্বোধন করা হয়।

ফিতা কেটে এজেন্ট ব্যাংকিং ধানখোলা শাখার উদ্বোধন করেন অগ্রনী ব্যাংকের সহকারি মহা-ব্যবস্থাপক রোকন উদ্দীন।

এসময় উপস্থিত ছিলেন, ব্যাংকের চুয়াডাঙ্গা শাখার সহকারি মহা- ব্যবস্থাপক ও শাখা প্রধান এমএইচ জগলুল পাশা, চুয়াডাঙ্গা শাখার প্রিন্সিপাল অফিসার এ এস এম এম কবীর, মেহেরপুর শাখা ব্যবস্থাপক আরিফ হোসেন।

পরে শাখা উদ্বোধন উপলক্ষে এলাকার সুধিদের নিয়ে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়।

অগ্রনী ব্যাংকের গাংনী শাখার ব্যবস্থাপক সাহারুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বক্তব্য রাখেন, অগ্রনী

ব্যাংকের কুষ্টিয়া দুয়ার ব্যাংকির এর বিজনেস ডেভেলপমেন্ট এক্সিকিউটিভ অরুন চক্রবর্তি, ধানখোলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামান, ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোকনুজ্জামান, ধানখোলা বাজার কমিটির সভাপতি ফারুক হোসেন, শাহিনুজ্জান মাস্টার,স্থানীয় আওয়ামী লীগ নেতা আনিসুর রহমান, অগ্রনী ব্যাংকের ধানখোলা এজেন্ট শাখা (দুয়ার) এর পরিচালক আবু সাঈদ টোকন প্রমুখ।

ব্যাংকের মেহেরপুর শাখার প্রিন্সিপাল অফিসার রমেশ চন্দ্র সিকদার মতবিনিময় সভায় উপস্থাপনা করেন।

গাংনীতে অফিসের তালা ভেঙ্গে সরকারি নথি চুরির দায়ে একজন আটক

মেহেরপুরের গাংনী উপজেলা সমাজ সেবা অফিসের তালা ভেঙ্গে সরকারি নথিপত্র চুরির অপরাধে শান্ত মিয়া-(৩০) নামের এক ব্যাক্তিকে আটক করেছে আনসার সদস্যরা। আজ সোমবার দুপুরে নথিপত্র চুরি করে নিয়ে যাওয়ার সময় হাতেনাতে তাকে আটক করা হয় ।

এসময় তার কাছ থেকে বয়স্ক বিধবা ও প্রতিবন্ধী ভাতার অনেক পাশবহি ও বিভিন্ন কাগজ পত্র জব্দ করা হয়। আটক শান্ত গাংনী পৌর এলাকার ৮ নম্বর ওয়ার্ডের কলেজ পাড়ার আব্দুল কালাম আজাদের ছেলে। আটকের বিষয়টি নিশ্চিত করেছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

গাংনী উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আরশাদ আলী জানান, সরকারি ই-সেবা চালু হওয়ার পর অনেক কাগুজে নথিপত্র ও পাশবহি বস্তা বন্দি করে রাখা হয়েছিল। সেই নথিপত্র ও বহি উপজেলা পরিষদ চত্বরে একটি কক্ষে রাখা হয়েছিল। সেগুলি তালা ভেঙ্গে চুরি করে নিয়ে যাচ্ছিল শান্ত নামের এক যুবক। উপজেলা পরিষদ চত্বরে দায়িত্বরত আনসার সদস্যরা তাকে আটক করে। পরে উপজেলা নির্বাহী অফিসারের নিকট

হস্তান্তর করা হয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, তালা ভঙ্গে নথিপত্র চুরির ঘটনায় জড়িত শান্তকে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। পুলিশ আইনানুগ ব্যবস্থা নেবেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, শান্ত নামের এক যুবক আটক রয়েছে। তার বিরুদ্ধে সরকারি অফিসে তালা ভেঙ্গে কাগজপত্র চুরির অপরাধে নিয়োমিত মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হবে।